ইত্তেফাক

২৭০

045

তারিখ ৩০/১/৮২
পৃষ্ঠা... ... ...কলাম ... ...

# সমাজে মানুষ হিসাবে বাঁচাই শিক্ষার উদ্দেশ্য

—তথ্যমন্ত্রী

শিক্ষা জীবনের চাবিকাঠি। শিক্ষকগণই জাতীয় চরিত্র গঠনে বলিষ্ঠ ভূমিকা পালন করিতে পারেন। সামগ্রিকভাবে সমাজে মানুষ হিসাবে বাঁচাই হইতেছে শিক্ষার উদ্দেশ্য।

গতকাল (সোমবার) সকালে ময়মনসিংহে রেসিডেন্সিয়াল মডেল স্কুল মিলনায়তনে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির দ্বি-বার্ষিক সাধারণ সম্মেলনে প্রধান অতিথির ভাষণ দানকালে তথ্য, বেতার, ক্রীড়া, ও সংস্কৃতি মন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী একথা বলেন।

সম্মেলনের উদ্বোধন করেন আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী বিচারপতি টি এইচ খান। উদ্বোধনী ভাষণে তিনি বলেন, শিক্ষার মান উন্নয়নের জন্যে শিক্ষাক্ষেত্রে দক্ষ জনশক্তির শূন্যতা পূরণের উদ্দেশ্যে শিক্ষক সমাজকে সচেষ্ট হইতে হইবে।

তথ্যমন্ত্রী শিক্ষা প্রতিষ্ঠানকে

(৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## তথ্যমন্ত্রী

( ১ম পৃঃ পর )

ডিগ্রী তৈয়ারীর কেন্দ্র না করিয়া মানুষ তৈয়ারীর কারখানা করার জন্য শিক্ষক সমাজের প্রতি আহ্বান জানান।

সম্মেলনে প্রধান বক্তা হিসাবে শিক্ষা প্রতিমন্ত্রী মাওলানা এম, এ মান্নান বলেন, সরকার শিক্ষক সমাজের সামগ্রিক মর্যাদা প্রতিষ্ঠায় দৃঢ়প্রতিজ্ঞ এবং এ ক্ষেত্রে অতীত ও বর্তমানের পার্থক্যই ইহার প্রত্যক্ষ সাক্ষ্য।

সম্মেলনে দেশের বিশিষ্ট শিক্ষাবিদসহ বাংলাদেশ কলেজ শিক্ষক এবং বেসরকারী শিক্ষক সমিতির কেন্দ্রীয় নেতৃবৃন্দ বক্তৃতা করেন। খবর সরকারী তথ্যবিবরণীর।